

🔳 আল-ফীল | Al-Fil | ٱلْفِيل

আয়াতঃ ১০৫: ৩

💵 আরবি মূল আয়াত:

وَّ أرسَلَ عَلَيهِم طَيرًا أَبَابِيلَ ﴿٣﴾

আর তিনি তাদের বিরুদ্ধে ঝাঁকে ঝাঁকে পাখি প্রেরণ করেছিলেন। — আল-বায়ান

তিনি তাদের বিরুদ্ধে পাঠিয়েছিলেন ঝাঁকে ঝাঁকে পাখী। — তাইসিরুল

তাদের বিরুদ্ধে তিনি ঝাঁকে ঝাঁকে পক্ষীকৃল প্রেরণ করেছিলেন – মুজিবুর রহমান

And He sent against them birds in flocks, — Sahih International

৩. আর(১) তাদের বিরুদ্ধে তিনি ঝাঁকে ঝাঁকে পাখি পাঠান(২)

- (১) যদি আয়াতটিকে পূর্বের আয়াতের সাথে সংশ্লিষ্ট ধরা হয়, তখন এ আয়াতটির অর্থ হয়, "তিনি কি তাদের উপর ঝাঁকে ঝাঁকে পাখি পাঠান নি?" পক্ষান্তরে যদি আয়াতটিকে প্রথম আয়াতটির সাথে সম্পৃক্ত করা হয়, তখন এর অর্থ হবে, "আপনি কি দেখেন নি, তিনি তাদের উপর ঝাকে ঝাঁকে পাখি পাঠিয়েছিলেন?" [আত-তাহরীর ওয়াত-তানওয়ীর]
- (২) أبابيل শিন্দের অনুবাদ করা হয়েছে, ঝাঁকে ঝাঁকে, যা একটার পর একটা আসে। কারও কারও মতে, শব্দটি বহুবচন। অর্থ পাখির ঝাঁক-কোন বিশেষ প্রাণীর নাম নয়। [তাবারী] বলা হয়ে থাকে যে, এ জাতীয় পাখি পূর্বে কখনও দেখা যায়নি। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

৩। তাদের বিরুদ্ধে তিনি ঝাঁকে ঝাঁকে পাখী প্রেরণ করেছিলেন।[1]

[1] أَبَابِيل (আবাবীল) পাখীর নাম নয়; বরং এর অর্থ হল, ঝাঁকে ঝাঁকে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6191

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন